57

দৈনিক সংবাদ

তারিখ ... 17 APR 1995 ... ...
পৃষ্ঠা ৬ কলাম ১ ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমানবন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫

নম্বর ঃ ২৮ তারিখ ঃ ৬ই এপ্রিল; ১৯৯৫
২৩শে চৈত্র; ১৪০১

## বিজ্ঞপ্তি

সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, নিম্নলিখিত পদে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করিতেছেন ঃ

২৮। বাসককস-সি/এ-২/৯৫ ঃ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের 'সহকারী থানা শিক্ষা অফিসার'-এর ৩৪৬ (তিনশত ছয়চল্লিশ)টি স্থায়ী পদ। বিজ্ঞাপিত পদের ৫০% অর্থাৎ ১৭৩ (একশ তিয়াত্তর)টি পদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য হইতে যাহারা এই বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে কমিশনে আবেদনপত্র দাখিল করিবেন তাহাদের জন্য সংরক্ষিত থাকিবে। তবে যোগ্যপ্রার্থী পাওয়া না গেলে এই কোটার পদগুলিও বহিরাগত প্রার্থিগণের মধ্য হইতে পূরণ করা হইবে।

বেতন ঃ টাকা ২৩০০-১১৫-৩১০৫-ইবি-১২৫-৪৪৮০/- তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি।

বহিরাগত প্রার্থী এবং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক উভয়ের ক্ষেত্রে যোগ্যতা ঃ স্বীকৃতিপ্রাপ্ত কোন বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী।

বয়স ঃ ১লা এপ্রিল, ১৯৯৫ তারিখে অনূর্ধ্ব ৩০ বৎসর, তবে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মহিলা প্রার্থীরাও আবেদন করার যোগ্য।

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ঃ ২০শে মে, ১৯৯৫/৬ই জ্যৈষ্ঠ, ১৪০২।

### সাধারণ গুরুত্বপূর্ণ তথ্যাবলী

১। যেসকল পদের সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসরের নীচে সে সকল পদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের জন্য বয়সের উর্ধ্বসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। অব্যাহতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সেনাবাহিনীর নন-কমিশন্ড কর্মচারী সরকারী চাকুরীর ক্ষেত্রে সেনাবাহিনীতে তাহার প্রকৃত চাকুরীর সর্বোচ্চ মেয়াদ পর্যন্ত বয়স শিথিলতার সুযোগ পাইবেন। তবে সরকারী চাকুরীর শেষসীমায় উপনীত বয়সের অব্যাহতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত সেনাবাহিনীর নন-কমিশন্ড কর্মচারী সিভিল পদে নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না।

২। এড-হক ভিত্তিতে চাকুরীতে নিয়োগকালে নিয়োগ বিধি মোতাবেক নির্ধারিত বয়সসীমার মধ্যে হইলে এবং প্রয়োজনীয় যোগ্যতা থাকিলে এড্-হক ভিত্তিতে উক্ত পদে নিযুক্ত ব্যক্তিও (যদি কেহ থাকেন) ঐ পদের জন্য আবেদন করিতে পারিবেন।

৩। বিজ্ঞাপনে উল্লেখিত পদে এড-হক ভিত্তিতে নিযুক্ত ব্যক্তি ও সরকারী চাকুরীতে নিযুক্ত ব্যক্তি এবং স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরীতে নিযুক্ত ব্যক্তিদেরকে ট্রেজারী চালান এবং প্রয়োজনীয় সার্টিফিকেটসহ তাহাদের মূল দরখাস্ত বিজ্ঞাপনে উল্লেখিত দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখে বা তৎপূর্বে পৌছানসাপেক্ষে সরাসরি কমিশনের নির্দিষ্ট অফিসে দাখিল করিতে হইবে। যুগপৎ অন্য একটি কপি নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করিতে হইবে।

৪। ডেমিসাইল ঃ বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা কিংবা এইখানে ডোমিসাইল্ড (দরখাস্ত ফরমে উল্লেখিত নির্দেশাবলী মোতাবেক) হইতে হইবে।

৫। মেধাবী, মুক্তিযোদ্ধা ও মহিলা ইত্যাদি প্রার্থীদের কোটাসহ কোটা সংরক্ষণ সংক্রান্ত বর্তমান সরকারী নির্দেশ মোতাবেক প্রার্থীদের নির্বাচন করা হইবে।

৬। ফিস ঃ প্রত্যেক দরখাস্তের সহিত অবশ্যই সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের ২৫.০০ টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার কিংবা "৬৫-বিবিধ নন-ট্যাক্স রেভিনিউ" হিসাব খাতে "বিবিধ পরীক্ষা ফি", বাবদ ২৫.০০ টাকার ট্রেজারী চালান (দরখাস্ত ফরমে উল্লেখিত নির্দেশাবলী মোতাবেক) দাখিল করিতে হইবে।

৭। কমিশনের নিম্নলিখিত অফিস হইতে ৫.০০ টাকা মূল্যে দরখাস্ত ফরম সংগ্রহ করা যাইবে ঃ

(১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫ ; অথবা
(২) সহকারী পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্লট নম্বর-৪৯, পাঁচলাইশ আবাসিক এলাকা, চট্টগ্রাম ; অথবা
(৩) সহকারী পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্লট নম্বর-৪৯৪, প্যারামেডিক্যাল রোড, লক্ষ্মীপুর, রাজশাহী ; অথবা
(৪) সহকারী পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্লট নম্বর-৩৭, খালিশপুর হাউজিং স্টেট, ডাকঘর-মুজগুন্নি, খুলনা।

উল্লেখিত যেকোন অফিসে দরখাস্ত জমা দেওয়া যাইবে।

৮। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের নির্ধারিত ফরমে না হইলে এবং দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখে বা তৎপূর্বে অফিস চলাকালে কমিশন সচিবালয়ের উল্লেখিত অফিসে না পৌছাইলে কোন দরখাস্ত বিবেচিত হইবে না।

৯। প্রার্থীদেরকে অবশ্যই তাহাদের দরখাস্তের সহিত নিম্নোক্ত সার্টিফিকেটসমূহের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে, অন্যথায় তাহাদের দরখাস্ত বিবেচনা করা হইবে না ঃ

(ক) বয়স প্রমাণের জন্য ঃ এস.এস.সি/মেট্রিক/সমতুল্য পরীক্ষার মূল সার্টিফিকেট। সাময়িক সার্টিফিকেট কিংবা এডমিট কার্ড কিংবা টেস্টিমোনিয়াল এই ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না।
(খ) শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য ঃ বোর্ড বা বিশ্ববিদ্যালয় প্রদত্ত সার্টিফিকেট। বোর্ড বা বিশ্ববিদ্যালয় মূল সার্টিফিকেট প্রদান করিতে অপারগ হইলে বোর্ড বা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সাময়িক সার্টিফিকেট গৃহীত হইবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মার্কশীটও এই শর্তে গ্রহণযোগ্য হইবে যে, সাক্ষাৎকারের পূর্বে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করিতে হইবে।
(গ) মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্র।
(ঘ) উপজাতিদের ক্ষেত্রে ঃ যথাযোগ্য কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত মূল সার্টিফিকেট।

১০। বোর্ড/বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউট-এর সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি বিষয় দলিল/প্রমাণাদি দ্বারা সমর্থিত না হইলে কোন দরখাস্ত বিবেচিত হইবে না।

১১। কোনরূপ তদ্বির প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করিবে।

১২। কমিশন প্রাপ্ত সকল আবেদনপত্র বিবেচনা করিবেন এবং উপযুক্ত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করিবেন। প্রয়োজনীয় ক্ষেত্রে কমিশন সাক্ষাৎকারের পূর্বে বাছাই পরীক্ষাও গ্রহণ করিবেন।

১৩। কমিশন অন্যরূপ সিদ্ধান্ত না নিলে প্রার্থীদের নিজ নিজ বিভাগীয় সদর দপ্তরে সাক্ষাৎকার গৃহীত হইবে, তবে অন্যান্য বিভাগের প্রার্থিগণ আবেদনপত্রে তাহাদের ইচ্ছা ব্যক্ত করিলে ঢাকায় তাহাদের সাক্ষাৎকার গ্রহণ করা যাইতে পারে।

মোঃ মোহসীন
ভারপ্রাপ্ত সচিব,
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।

ডিএফপি-৮৮৮২-১০/৪
সি-১৪৫১